নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website: www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
E-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/হালনাগাদ তথ্য/২০২৬/২৫৬২ ২৪ মে ২০২৬

নোবিপ্রবি প্রশাসনের সাপ্তাহিক হালনাগাদ তথ্য

১৪ মে ২০২৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয় হতে প্রজ্ঞাপন জারির পর, ওই দিনই নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে অধ্যাপক ড. গোলাম রব্বানী মন্ত্রণালয়ে যোগদান করেন। পরের দিন ১৫ মে ২০২৬ তারিখে তিনি বিশ্ববিদ্যালয়ে দায়িত্ব গ্রহণ করেন। যোগদানের পর থেকে উপাচার্য হিসেবে অধ্যাপক ড. গোলাম রব্বানী নোবিপ্রবির শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়াসহ নানা বিষয়ে মতামত গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে পৃথক মতবিনিময় সভা করেছেন নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সোমবার (১৮ মে ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ মতবিনিময় সভাসমূহ অনুষ্ঠিত হয়। সভায় একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের লক্ষ্যে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন নবনিযুক্ত উপাচার্য মহোদয়। শিক্ষকদের সঙ্গে মতবিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, আমাকে উপাচার্যের দায়িত্ব প্রদান করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানকে ধন্যবাদ জ্ঞাপন করছি। বিশ্ববিদ্যালয়ে অনেক সীমাবদ্ধতা থাকলেও যা আছে তা নিয়েই আমাদের এগিয়ে যেতে হবে। কর্মকর্তাদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে কর্মকর্তাদের ভূমিকা অনস্বীকার্য। আপনারা সময়ানুবর্তিতা মেনে অফিস কার্যক্রম পরিচালনা করবেন এবং আপনাদের যে কোনো সমস্যাকে আমরা গুরুত্ব দেবো। কর্মচারীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, কর্মচারীবৃন্দ বিশ্ববিদ্যালয়ের অন্যতম স্টেকহোল্ডার। আপনাদের প্রত্যেকের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় সামনের দিকে অগ্রসর হবে, এটাই আমি প্রত্যাশা করি।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের মানোন্নয়ন, প্রশাসনিক কার্যক্রমের সমন্বয় সাধন ও ভবিষ্যত কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করতে এ সভাসমূহের আয়োজন করা হয়।

২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থী মো. সাখাওয়াত হোসেনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সোমবার (১৮ মে ২০২৬) এক শোকবার্তায় উপাচার্য মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। একই সঙ্গে তিনি মহান আল্লাহর নিকট প্রার্থনা করেন, যেনো শোকাহত পরিবার এই অপূরণীয় ক্ষতি সহ্য করার শক্তি সঞ্চয় করতে সক্ষম হয়। উল্লেখ্য, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে মো. সাখাওয়াত হোসেন ১৮ মে ২০২৬ আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী মো. সাখাওয়াত হোসেনের মৃত্যুতে তার রুহের মাগফিরাত কামনায় মঙ্গলবার (১৯ মে ২০২৬) বাদ যোহর আইন বিভাগের আয়োজনে কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী এতে অংশ নেন।

৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) স্নাতক ও স্নাতকোত্তর সকল সেমিস্টারের শ্রেণি প্রতিনিধিদের (সিআর) সঙ্গে উপাচার্যের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৯ মে ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ওই সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। মতবিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, বিশ্ববিদ্যালয় বর্তমানে শিক্ষা, গবেষণা এবং সহশিক্ষা কার্যক্রমে যে অবস্থানে আছে তার থেকে আরও এগিয়ে নিতে পদক্ষেপ গ্রহণ করা হবে। শিক্ষার্থীদের সেশনজট সমস্যার সমাধানে কার্যকরী ব্যবস্থা নেয়া হবে। আমাদের মধ্যে মতপার্থক্য থাকবে কিন্তু বিশ্ববিদ্যালয়ের স্বার্থে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এ সময় শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের জবাবে উপাচার্য বলেন, শিক্ষার্থীদের যে সমস্যাসমূহ রয়েছে তা পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করা হবে। একাডেমিক ভবন-৩ প্রকল্প বাস্তবায়ন হলে অধিকাংশ সমস্যার সমাধান হবে। এ সময় উপাচার্য শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ের দুটি স্থানে সুপেয় পানি সরবরাহ, ক্যাশলেস ক্যাম্পাস, ই-কার, পরিবহন সংকট সমাধান এবং বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্য বর্ধণে পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোকপাত করেন।

৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নবাব ফয়জুন্নেসা চৌধুরানী হল এবং জুলাই শহিদ স্মৃতি ছাত্রী হলের শিক্ষার্থীদের সঙ্গে নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর মতবিনিময় সভা মঙ্গলবার (১৯ মে ২০২৬) অনুষ্ঠিত হয়। এ সময় শিক্ষার্থীরা হলের বিভিন্ন সমস্যা তুলে ধরেন, উপাচার্য মহোদয় তা পূরণের আশ্বাস প্রদান করেন।

৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ভাষা শহিদ আবদুস সালাম হল এবং বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হলের শিক্ষার্থীদের সঙ্গে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৯ মে ২০২৬) আয়োজিত পৃথক মতবিনিময় সভায় দুটি আবাসিক হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্ট ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় হল প্রভোস্ট ও শিক্ষার্থীদের সঙ্গে হলসমূহের বিভিন্ন সমস্যা, সমাধানের উপায় এবং সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন উপাচার্য।

৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ব্যবসায় প্রশাসন বিভাগের ১৬তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৯ মে ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। বিভাগের চেয়ারম্যান ড. এস এম মাহবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদসহ বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সহশিক্ষা কার্যক্রমের সঙ্গে যুক্ত অনুমোদিত ক্লাব প্রতিনিধিদের সঙ্গে উপাচার্যের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২০ মে ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ওই সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'নোবিপ্রবি'র অধিকতর উন্নয়নে সম্ভাব্যতা সমীক্ষা ও মাস্টার প্ল্যান প্রণয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় একাডেমিক মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২০ মে ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী শিক্ষার মানোন্নয়ন, গবেষণা সম্প্রসারণ শিক্ষার্থীবান্ধব পরিবেশ ও ভবিষ্যৎ চাহিদা বিবেচনায় নিয়ে একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করার কথা জানান।

১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ এবং বিভাগসমূহের চেয়ারম্যানবৃন্দের সঙ্গে মতবিনিময় সভা করেছেন নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। বুধবার (২০ মে ২০২৬) উপাচার্যের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় একাডেমিক কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের লক্ষ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন নবনিযুক্ত উপাচার্য মহোদয়। মতবিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, বিশ্ববিদ্যালয়ে কিছু সীমাবদ্ধতা থাকলেও যা আছে তা নিয়েই আমাদের এগিয়ে যেতে হবে। নিয়মিত ক্লাস, পরীক্ষা এবং একাডেমিক ক্যালেন্ডারের বিষয়ে সচেতন থাকতে হবে। র‍্যাঙ্কিং, গবেষণা এবং সহশিক্ষা কার্যক্রম এগিয়ে নিতে যে ধরনের সুযোগ সুবিধা প্রয়োজন আমরা তা নিশ্চিত করবো। বিশ্ববিদ্যালয়ে আমরা সবাই মিলে একটি পরিবার; একাডেমিক ও প্রশাসনিক ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে আপনাদের সবার সহযোগিতা কামনা করছি। উপাচার্য আরও বলেন, আপনাদের ওপর অর্পিত দায়িত্ব সুচারুভাবে সম্পন্ন করবেন এবং বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সহযোগিতা করবেন।

১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বিশ্ববিদ্যালয়ের শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টার পরিদর্শন করেছেন। বুধবার (২০ মে ২০২৬) সকালে তিনি এ পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি সুস্থ্য ও নিরাপদ শিক্ষাঙ্গণ গড়ে তুলতে মেডিকেল সেন্টারকে আরও আধুনিক ও কার্যকর সেবাকেন্দ্রে রূপান্তর করা প্রয়োজন। বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষার্থীদের স্বাস্থ্য সেবার উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।

এ সময় উপাচার্য মেডিকেল সেন্টারের সেবার মান বৃদ্ধি, ২৪ ঘণ্টা ডাক্তারের উপস্থিতি নিশ্চিতকরণ, নারী সাইকোলজিস্ট নিয়োগের পাশাপাশি নার্সের সংখ্যা বৃদ্ধির চেষ্টা করার কথা জানান। এছাড়াও শিক্ষার্থীদের চাহিদার আলোকে সকল প্রকার সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য পদক্ষেপ নেবেন বলে প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আগামী ২২ জুন ২০২৬ বিশ্ববিদ্যালয় দিবস, ডিনস অ্যাওয়ার্ড ও ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটির এক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২১ মে ২০২৬) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. গোলাম রব্বানীর সভাপতিত্বে উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, এবারের বিশ্ববিদ্যালয় দিবস উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে আজকের এই সভা। বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন। এবার তাঁর স্মরণে আমরা বিশেষ কিছু করতে চাই। দিবসটি উপলক্ষে দিনব্যাপী নানা কর্মসূচি পালন এবং সার্বিক বিষয়গুলো বিবেচনা করে এবারের বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি আমরা গ্রহণ করবো।

১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) হযরত বিবি খাদিজা হলে ২০ মে ২০২৬ তারিখে সংঘটিত ঘটনার প্রকৃত সূত্র ও সত্যতা উদঘাটনের লক্ষ্যে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার (২১ মে ২০২৬) এ কমিটি গঠন করা হয়। কমিটিকে আগামী পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন প্রদানের অনুরোধ জানানো হয়েছে।

১৪. পবিত্র ঈদুল আজহা উপলক্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে পরিবহন সেবার ব্যবস্থা করা হয়েছে। এ লক্ষ্যে শুক্রবার (২২ মে ২০২৬) সকাল ৭ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারের সামনে থেকে ঢাকা, চট্টগ্রাম ও কুমিল্লার উদ্দেশ্যে তিনটি বাস ছেড়ে যায়। এছাড়াও আরও তিনটি বাস শিক্ষার্থীদের বিভিন্ন গন্তব্যে পৌঁছে দিতে প্রশাসন ব্যবস্থা গ্রহণ করে। প্রসঙ্গত, শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে এবং ঈদে ছাত্রছাত্রীদের যাতায়াত নির্বিঘ্ন করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন এ উদ্যোগ গ্রহণ করেছে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪